


বিবেচনার সঙ্গে ঋণ করুন

আর্থিক সাক্ষরতা সপ্তাহ
জুন 5-9, 2017

বিবেচনার সঙ্গে ঋণ করুন

নিজস্ব পরিশোধ ঋণ পরিশোধ ক্ষমতার মধ্যে বিবেচনা করে ধার করুন এবং এমন সম্পদে এই ধার বিনিয়োগ করুন যার থেকে আপনার উপার্জন হয় ও সম্পদমূল্য সৃষ্টি হয়। কয়েকটি উপযোগী ঋণের উদাহরণ:

- বাড়ী কেনার জন্য বন্ধকী ঋণ
- সন্তানদের উচ্চ শিক্ষায় খরচের জন্য শিক্ষা ঋণ
অনলাইনে আবেদন করতে বিদ্যালাক্ষমী পোর্টাল দেখুন
(<https://www.vidyalakshmi.co.in>)
- আপনার ব্যবসা সংক্রান্ত স্বপ্ন পূরণ করার জন্য ক্ষুদ্র ও লঘু উদ্যোগ ঋণ (udyamimitra.in)



ঋণ নেওয়ার পর

- ঋণ পরিশোধের কোন কিস্তি খেলাপ করবেন না
- পরিশোধ বা ঋণ নিষ্পত্তির কাজে বিলম্ব আপনার ঋণ পরিশোধ প্রচেষ্টার ইতিহাস / ঋণ মানকে বিরূপভাবে প্রভাবিত করে
- ঋণ পরিশোধে কোন বিলম্ব হলে সবসময় আপনার ব্যাঙ্কে জানিয়ে রাখুন আপনার ঋণ পরিশোধের যোগ্যতাকে উচ্চ মাত্রায় রাখার জন্য সময়মতো ঋণ পরিশোধ করুন

ঋণ মান

আপনার ঋণ পরিশোধ প্রচেষ্টার ইতিহাস (credit history) এবং অন্যান্য প্রাসঙ্গিক শর্তের উপর ভিত্তি করে আপনার ঋণ মান (creditscore) নির্ধারিত হয়। আপনার ঋণ মান বেশী হলে ঋণ লাভের যোগ্যতা বাড়ে এবং বাড়ে আপনার ঋণ পাওয়ার সম্ভাবনা।



বিনা খরচে ঋণ বিবরণ

যেসব ঋণ গ্রহীতা ঋণ পরিশোধের যোগ্যতার ইতিহাস অর্জন করেছেন তাঁরা বছরে একবার (জানুয়ারী – ডিসেম্বর) বিনামূল্যে ঋণ মান সমেত পূর্ণাঙ্গ ঋণ বিবরণ পেতে পারেন নিচের চারটি ঋণ-তথ্য ত্তাপক কোম্পানী থেকে:- 1) ট্রান্সইউনিয়ন ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (ইন্ডিয়া) লিমিটেড (Trans Union Credit Information Bureau (India) Limited) 2) ইকুইফ্যাক্স ক্রেডিট ইনফরমেশন সার্ভিসেস প্রাইভেট লিমিটেড (Equifax Credit Information Services Private Limited) 3) এক্সপেরিয়ান ক্রেডিট ইনফরমেশন কোম্পানী অব ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (Experian Credit Information Company of India Private Limited) এবং 4) সিআরআইএফ হাই মার্ক ক্রেডিট ইনফরমেশন সার্ভিসেস প্রাইভেট লিমিটেড (CRIF High Mark Credit Information Services Private Limited)

আর্থিক সাক্ষরতা * প্রগতির পথে

ECD



আর্থিক অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ
ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
www.rbi.org.in